

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd


বিজ্ঞপ্তি নং- ২১৩৭

তারিখঃ- ২৪ মার্চ ২০২১ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী বিনোদন, ক্রীড়া, সাংস্কৃতিক, ধর্মীয় ও কল্যাণ ট্রাস্টের নির্বাচন অনুষ্ঠান আগামী ৩১/০৩/২০২১ খ্রি. তারিখ ধার্য করা হয়। কিন্তু দেশের চলমান উদ্ভূত পরিস্থিতিতে সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্টের নির্বাচন-২০২১ অনুষ্ঠিত হলে ব্যাপক লোক সমাগমের আশঙ্কা রয়েছে। মহামারীর এই সময়ে নির্বাচন অনুষ্ঠিত হলে কর্মকর্তা-কর্মচারীদের কোভিড-১৯ ভাইরাস ব্যাপকভাবে বিস্তৃত হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া বর্তমানে করোনা সংক্রমণ পরিস্থিতি উর্ধ্বমুখী। সে কারণে বর্তমান পরিস্থিতিতে নির্বাচন অনুষ্ঠান না করার ব্যাপারে প্রধান নির্বাচন কমিশনারসহ সকল নির্বাচন কমিশনার একমত পোষণ করেছেন।

এমতাবস্থায়, কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক/উন্নতি না হওয়া পর্যন্ত আগামী ০২ (দুই) মাসের জন্য অথবা পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী বিনোদন, ক্রীড়া, সাংস্কৃতিক, ধর্মীয় ও কল্যাণ ট্রাস্টের নির্বাচন ২০২১-২০২২ অনুষ্ঠান আপাততঃ সাময়িক সময়ের জন্য স্থগিত করা হলো। পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হওয়া মাত্র পরবর্তীতে অতিরিক্ত সময়ের মধ্যে নির্বাচনের তারিখ ও সময় জানানো হবে।


-২৪.০৩.২০২১
(মোঃ গোলাম রব্বানী)

যুগ্ম সিনিয়র ভাইস চেয়ারম্যান, সুপ্রীম কোর্ট কল্যাণ ট্রাস্ট

ও

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

E-mail: registrar_hcd@supreme court.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ-

- ০১। প্রধান নির্বাচন কমিশনার, সুপ্রীম কোর্ট কল্যাণ ট্রাস্ট নির্বাচন ২০২১-২০২২ ও স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ০২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ০৩। এডহক কমিটি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্মকর্তা-কর্মচারী কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০৪। সুপ্রীম কোর্টের সকল নোটিশ বোর্ড।
- ০৫। অফিস কপি।